Arpita Chanda 1.8.19

# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

## Pre Test – 2019

**Sub: Bengali (Model answer)** **Class: 12** **F.M: 80**

**Duration: 3 hours 15 minutes** **Date: 30.7.2019**

**বিভাগঃ খ** **(নম্বরঃ৩০)**

**১।সঠিক বিকল্পটি নির্বাচন করোঃ** ১×১৮=১৮

১.১ কলঘর থেকে ফিরে মৃত্যুঞ্জয় যে গ্লাসে জলপান করে,তা হল--খ)কাঁচ।
১.২ মৃত্যুঞ্জয়-এর বাড়ির বাজার ও কেনাকাটা করে-- ঘ)কোনোটিই নয়।
১.৩ মৃত্যুঞ্জয় নিখিলের থেকে যত টাকা বেশি পায়,তা হল— ক)৫০।
১.৪ "এটা পাশবিক স্বার্থপরতা"—বক্তা হলেন-- ক)মৃত্যুঞ্জয়।
১.৫ নিখিল জগৎ-এ কাকে ছোঁয়াচে বলে মনে করেছে— গ)দরদ।
১.৬ মৃত্যুঞ্জয়-এর বাড়ির লোকসংখ্যা হল-- ঘ) ৯।
১.৭ "ভোরের জন্য অপেক্ষা করছিল"—কে ভোরের জন্য অপেক্ষা করছিল-- ক) বাদামি হরিণ ।
১.৮ '... সারারাত মাঠে/আগুন জ্বেলেছে'—কারা আগুন জ্বেলেছে?- খ)দেশোয়ালিরা
১.৯ "আকাশের রং"-কে কবি কার সঙ্গে তুলনা করেছেন-- ঘ)ঘাসফড়িঙের দেহের কোমল নীল-এর সঙ্গে
১.১০ "সেই রাতে চিৎকার উঠেছিল ক্রীতদাসদের জন্য—কোথায় চিৎকার উঠেছিল--গ) আটলান্টিস।
১.১১ "জানিলাম এ জগৎ স্বপ্ন নয়"—কবি জগৎ কে কীভাবে জেনেছিলেন?--গ) স্বপ্ন নয়।
১.১২ দ্বিতীয় ফ্রেডারিক কত বছরের যুদ্ধে জিতেছিলেন?- গ)৭ বছর।
১.১৩ 'পড়তে জানে এমন এক মজুরের প্রশ্ন' কবিতার অনুবাদক হলেন- ক)শঙ্খ ঘোষ ।
১.১৪ "গলদের নিপাত করেছিল" কে গলদের নিপাত করেছিল- খ) সিজার।
১.১৫ ভাষাবিজ্ঞানের আলোচ্য বিষয় হল-- ক) মৌখিক ভাষা ।
১.১৬ মানুষের প্রথম সাংগীতিক যন্ত্র হল--গ) কন্ঠ ।
১.১৭ চর্যাপদে মোট গানের সংখ্যা হল— খ) ৫১ ।
১.১৮ শ্রীকৃষ্ণকীর্তনে মোট পদেরর সংখ্যা হল--ক) ৪১৮ ।

**২।অনধিক ২০ টি শব্দে প্রশ্নগুলির উত্তর দাওঃ** ১×১২=১২

২.১ "কি হল হে তোমার"—কার সম্পর্কে এই উক্তি?বক্তার এরূপ উক্তির কারণ কি?
--- মৃত্যুঞ্জয় এর সম্পর্কে নিখলের এই উক্তি।ফুটপাতে অনাহারে মৃত্যু দেখে মৃত্যুঞ্জয় এর অসুস্থতা দেখে বক্তার এই উক্তি।
২.২ "আগুন জ্বলল আবার"-আবার আগুন জ্বলার কারণ কী?
--- হরিনের মাংস তৈরি করা হয়েছিল,শহুরে মানুষদের বিলাস পরিতৃপ্ত করার জন্য।
২.৩ "ধিক শত ধিক আমাকে"-বক্তার নিজেকে ধিক্কার দেওয়ার কারণ কি
--- বক্তা মৃত্যুঞ্জয় নিজে চারবেলা খেয়েছে এই অকালে,অথচ দেশের মানুষ অনাহারে মারা যাচ্ছে।
২.৪ 'বিরাট আর্মাডা যখন ডুবল'-আর্মাডা কী?
--- স্পেনের রণতরী হল আর্মাডা।
২.৫ 'শিকার' কবিতায় কোন কোন গাছের কথা আছে?
---- পেয়ারা,নোনা,অশত্থ,সুন্দরী, অর্জুন,বাতাবিলেবু,মেহগিনি।
২.৬ 'রূপনারাণের কূল' বলতে কি বোঝানো হয়েছে?
--- এই রূপবৈচিত্র্যময় পৃথিবী কে বোঝানো হয়েছে।
২.৭ "চিনিলাম আপনাকে"-কবি কীভাবে নিজেকে চিনেছেন?
--- কবি রবীন্দ্রনাথ ঠাকুর বেদনা ও দুঃখের আখরে নিজেকে চিনেছিলেন।
২.৮ "সে কখনো করে না বঞ্চনা"—কে, কীকারণে কখনও বঞ্চনা করে না?
--- সত্য কঠিন,নির্মম।তাই সত্য কখনও বঞ্চনা করেনা।
২.৯ "হাজার হাজার বছর আগে এক রাতে তেমনি"—হাজার বছর আগেকার কোন অনুসঙ্গ 'শিকার' কবিতায় ব্যবহৃত হয়েছে?
--- মিশরের কোন এক রহস্যময়ী সুন্দরী রমণীর অনুসঙ্গ ব্যবহৃত হয়েছে।
২.১০ নিখিল তার অবসর জীবনটা কীভাবে কাটাতে চায়
---- বই পড়ে আর একটা চিন্তাজগৎ গড়ে তুলে।
২.১১ "ছেলেমেয়েগুলির জন্য সত্যি ভাবনা হয় না"—কার,কেন ছেলেমেয়েগুলির জন্য ভাবনা হয় না?
---- অনাহারক্লিষ্ট মানুষ গুলির বেদনা দেখে টুনুর মায়ের আর ছেলেমেয়েগুলির জন্য ভাবনা হয় না।
২.১২ ঐতিহাসিক ভাষাবিজ্ঞানের আলোচ্য বিষয় কি?
--- কীভাবে মূল ভাষা থেকে কালগত রূপান্তরের মধ্য দিয়ে বর্তমান ভাষাগুলির জন্ম হয়েছে।

বিভাগ-ক (নম্বরঃ৫০)

**১। অনধিক ১৫০ শব্দে যে-কোনো ২টি প্রশ্নের উত্তর দাওঃ ৫×২=১০**

১.১ "কে বাঁচায় কে বাঁচে" গল্পের নামকরণের সার্থকতা বিচার কর।

---গল্প অবলম্বনে নামকরণের পক্ষে বা বিপক্ষে যুক্তিক্রম সাজিয়ে ব্যাখ্যা করতে হবে।

১.২ "কে বাঁচায় কে বাঁচে" গল্প অবলম্বনে নিখিল চরিত্রটি ব্যাখ্যা করো।

--- নিখিল চরিত্রটির বিভিন্ন ভাবনা,মতাদর্শ গল্পের কাহিনি অবলম্বন করে লিখতে হবে।

১.৩ "কে বাঁচায় কে বাঁচে" গল্পের অন্তিম পর্যায়ে মৃত্যুঞ্জয়ের পরিণতি ছিল অবসম্ভাবী-মন্তব্যের পক্ষে অথবা বিপক্ষে যুক্তি দাও।

--- গল্পের কাহিনি সংক্ষেপে বর্ণনা করে মন্তব্যের পক্ষে বা বিপক্ষে যুক্তি দিয়ে নিজের ভাষায় লিখতে হবে।

**২ অনধিক ১৫০ শব্দে যে-কোনো ১টি প্রশ্নের উত্তর দাওঃ ৫১=৫**

২.১ 'শিকার' কবিতায় দুই ভোরের বর্ণনায় যে পার্থক্য ফুটে উঠেছে তা নিজের ভাষায় বর্ণনা করো।

--- দুটি ভোরের বর্ণনা দিয়ে পার্থক্যটি নিজের ভাষায় লিখতে হবে।

২.২ "আমৃত্যুর দুঃখের তপস্যা এ জীবন"—রূপনারাণের কূলে কবিতা অবলম্বনে কবির এরূপ মন্তব্যের কারণ বিশ্লেষণ কর।

--- কবি রবীন্দ্রনাথ ঠাকুর জীবন কে এক প্রবহমান নদীর সঙ্গে তুলনা করেছেন,যার পরিসমাপ্তি মৃত্যু তে।এই জীবনে অনেক দুঃখ-কষ্ট, বেদনা আসবে জীবনের অবসম্ভাবী সঙ্গী হিসাবে---এই বিষয়টি বিস্তত করে লিখতে হবে।

**৩ অনধিক ১৫০ শব্দে যে-কোনো ১টি প্রশ্নের উত্তর দাওঃ ৫×১=৫**

৩.১ 'পাতায় পাতায় জয়/জয়োৎসবের ভোজ বানাত কারা?' কারা 'জয়োৎসবের ভোজ বানাত'?এই প্রশ্নের মাধ্যমে বক্তা কী বলতে চেয়েছেন ?১+৪

---কবিতা অবলম্বনে শ্রমজিবী মানুষদের এই সমাজে অবদানের বিষয়টি উল্লেখ করতে হবে।

৩.২ "কত সব প্রশ্ন"—পড়তে জানে এমন এক মজুরের প্রশ্ন কবিতায় উল্লিখিত প্রশ্নগুলি নিজের ভাষায় বিবৃত করো।

---- কবিতায় বর্ণিত প্রথাগত ইতিহাসের কাহিণি ও তার অন্তরালে লুকিয়ে থাকা প্রকৃত সত্যগুলিকে বিবৃত করতে হবে।

**৪ অনধিক ১৫০ শব্দে যে-কোনো ১টি প্রশ্নের উত্তর দাওঃ ৫×১=৫**

৪.১ "মানুষগুলোর দিকে তাকালে মনে হয় জীবনে তাদের শান্তি নেই"-কোন মানুষদের সম্পর্কে এই উক্তি?এরূপ মনে হওয়ার কারণ কী তা নিজের ভাষায় বর্ণনা করো।

---- গাড়ো পাহাড়ের নীচে কাহিণি অবলম্বনে সেখানকার মানুষদের জীবন-যন্ত্রনার কথা বিবৃত করতে হবে।

৪.২ হাতিবেগার আইন কী ছিল?তা কী করে বন্ধ হয়?২+৩

--- জমিদারের হাতি ধরার শখ মেটানোর জন্য নিরীহ প্রজাদের জীবন বলিদান করার নৃশংস প্রথাই ছিল হাতিবেগার আইন।প্রজাদের সম্মেত বিদ্রোহের ফলে বন্ধ হয় এই অমানবিক প্রথা---এই বিষয়টি বিস্তত ভাবে লিখতে হবে।

**৫ অনধিক ১৫০ শব্দে যে-কোনো ১টি প্রশ্নের উত্তর দাওঃ ৫×১=৫**

৫.১ তুলনামূলক ও বর্ণনামূলক ভাষাবিজ্ঞানসম্পর্কে সংক্ষেপে তা আলোচনা করো। ৫

--- দ্রষ্টব্য বাংলা ভাষা ও শিল্প সাহিত্য সংস্কৃতির ইতিহাস।পৃষ্ঠা-১০৫-১০৬।

৫.২ সমাজভাষাবিজ্ঞান সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫

--- দ্রষ্টব্য বাংলা ভাষা ও শিল্প সাহিত্য সংস্কৃতির ইতিহাস।পৃষ্ঠা-১০৫-১০৬।

**৬ অনধিক ১৫০ শব্দে যে-কোনো ২টি প্রশ্নের উত্তর দাওঃ ৫×২=১০**

৬.১ বাংলা গানের ইতিহাসে কীর্তন এর অবদান আলোচনা করো।

--- দ্রষ্টব্য বাংলা ভাষা ও শিল্প সাহিত্য সংস্কৃতির ইতিহাস।পৃষ্ঠা-০৩-০৪।

৬.২ বাংলা গানের ইতিহাসে কবিগান এর অবদান আলোচনা করো।

--- দ্রষ্টব্য বাংলা ভাষা ও শিল্প সাহিত্য সংস্কৃতির ইতিহাস।পৃষ্ঠা-০৪-০৫।

৬.৩ বাংলা গানের ইতিহাসে চর্যাপদ ও শ্রীকৃষ্ণকীর্তন এর অবদান আলোচনা করো।

--- দ্রষ্টব্য বাংলা ভাষা ও শিল্প সাহিত্য সংস্কৃতির ইতিহাস।পৃষ্ঠা-০১-০২।

**৭ নিম্নলিখিত যে কোনো ১টি বিষয় নির্বাচন করে নির্দেশ অনুসারে কমবেশি ৪০০ শব্দের মধ্যে ১টি প্রবন্ধ রচনা করোঃ**
১০×১=১০

প্রদত্ত তথ্য অনুযায়ী নিজের ভাষায় বিস্তত করে লিখতে হবে। লেখায় গুরুচণ্ডালী দোষ কাঙ্ক্ষিত নয়। বাক্য হবে যুক্তিপূর্ণ।